গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
নদী গবেষণা ইনস্টিটিউট
http://www.rri.gov.bd

**নদী গবেষণা ইনস্টিটিউটের আগস্ট ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | পিন্টু কানুনগোয়<br>মহাপরিচালক (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | **০৭ আগস্ট, ২০২৪খ্রি.** |
| সভার সময় | **বেলা ১০:৩টা** |
| স্থান | নদী গবেষণা ইনস্টিটিউটের মধুমতি কনফারেন্স রুম। |
| উপস্থিতি | |

**(উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ক-তে সংযুক্ত)**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর পরিচালক (জিঃ আরঃ) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| 1. | গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন | গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে কোন সংশোধনী বা দ্বিমত আছে কিনা তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়েছে। | প্রশাসন পরিদপ্তর |
| 2. | নদী গবেষণা ইনস্টিটিউটের কর্মকান্ড সম্বলিত Presentation উপস্থাপন সংক্রান্ত | নদী গবেষণা ইনস্টিটিউটের জনাব মোঃ জুবায়েরুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তরের কর্মকান্ডের উপর Presentation উপস্থাপন করেন। | নদী গবেষণা ইনস্টিটিউটের হাইড্রলিক রিসার্চ পরিদপ্তরের কর্মকান্ডের উপর Presentation আগামী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | হাইড্রলিক রিসার্চ পরিদপ্তর, মোঃ আজিজুল হক পোদ্দার, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা |
| 3. | **নদী গবেষণা ইনস্টিটিউটের পরিচালনা বোর্ডের ৫৪তম সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি।** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | বহুতল আবাসিক ভবন নির্মাণ | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ২টি করে মোট ৪টি ১৫তলা বিশিষ্ট বহুতল ভবনের DPP পাসম-এ প্রেরণ করা হলে বিগত ২৪/০১/২০২৪ খ্রি. তারিখে পাসম-এর সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পাসম-এর সচিব মহোদয় সিদ্ধান্ত দেন যে, বর্তমান প্রেক্ষাপটে সরকার নতুন অবকাঠামো নির্মাণে অর্থ বরাদ্দ দিতে আগ্রহী নয় বিধায় উল্লিখিত DPP-তে গবেষণা যুক্ত করে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। এছাড়া পাসম এর যুগ্মসিচব জনাব মোঃ লুৎফর রহমান-কে নগই'র পুরাতন ভবনগুলো সরেজমিনে পরিদর্শন করে একটি প্রতিবেদন দিতে বলেন। পুরাতন ভবনগুলো ভেঙে নতুন ভবন নির্মাণের পূর্বে জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে অকেজো ঘোষণা করার জন্যও তিনি নির্দেশ প্রদান করেন। যেহেতু নগই'র জন্য এই ধরণের কোন কমিটি নেই, সেহেতু জেলা প্রশাসক, ফরিদপুরকে আহবায়ক করে ৫ সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠনের প্রস্তাব পাসম-তে প্রেরণ করা হলে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক নদী গবেষণা ইনস্টিটিউটের পুরাতন ভবনসমূহ কনডেম ঘোষণা ও নিলামে বিক্রয় করার জন্য নদী গবেষণা ইনস্টিটিউটের কনডেমনেশন কমিটি গঠনের লক্ষ্যে উক্ত কমিটিতে জেলা প্রশাসক, ফরিদপুর-কে সভাপতি হিসেবে অর্ন্তভুক্তির বিষয়ে সম্মতি প্রদানের জন্য মন্ত্রী পরিষদ বিভাগ বরাবরে গত ০৭/০৫/২০২৪খ্রি. তারিখে পত্র প্রেরণ করা হলে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.৯৯.০০৫.২১.৩৬৫; তারিখ-০৯/০৭/২০২৪খ্রি. মোতাবেক নদী গবেষণা ইনস্টিটিউটের পুরাতন ভবন/অবকাঠামো/মালামাল ইত্যাদি পরিত্যাক্ত/অনুপযোগী/অকেজো ঘোষণা ও বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের নিমিত্ত ও কর্মপরিধি সম্বলিত নদী গবেষণা ইনস্টিটিউট কনডেমনেশন কমিটি গঠন করা হয়- ১) জেলা প্রশাসক, ফরিদপুর-সভাপতি ২) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ফরিদপুর-সদস্য ৩) নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি, ফরিদপুর-সদস্য ৪) নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ফরিদপুর-সদস্য ৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট মনোনীত)-সদস্য সচিব। | নদী গবেষণা ইনস্টিটিউটের পুরাতন ভবন/অবকাঠামো/মালামাল ইত্যাদি পরিত্যাক্ত/অনুপযোগী/অকেজো ঘোষণা ও বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের নিমিত্ত ও কর্মপরিধি সম্বলিত নদী গবেষণা ইনস্টিটিউট কনডেমনেশন কমিটির রিপোর্ট পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকিউরমেন্ট শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | নগই কর্তৃক দেশ-বিদেশের বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ সংক্রান্ত | নগইকে একটি আন্তর্জাতিক মানের গবেষণা প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশের জন্য দেশের ও বিদেশের সমজাতীয় প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গবেষণা পরিচালনা এবং সেমিনার, কনফারেন্স আয়োজনের মাধ্যমে নদী ব্যবস্থাপনা ও পরিবেশের সুরক্ষার বিষয়ে প্রাযুক্তিক সহযোগিতা ও অভিজ্ঞতা বিনিময় আবশ্যক মর্মে আলোচনা হয়। | দেশ-বিদেশের বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ ত্বরান্বিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, (প্রশাসন ও অর্থ/ হাঃ রিঃ/জিঃ আরঃ) |
| | জিঃ আরঃ ও হাঃ রিঃ পরিদপ্তরের কর্মকান্ড ও আয়-ব্যয় সংক্রান্ত | নদী গবেষণা ইনস্টিটিউটের জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তরের নমুনা পরীক্ষার সংখ্যা ও আয়-ব্যয়ের হিসাব এবং হাইড্রলিক রিসার্চ পরিদপ্তরের ভৌত মডেল ও গাণিতিক মডেলের কাজের বিবরণ ও আয়-ব্যয়ের হিসাব প্রতিমাসের মাসিক সমন্বয় সভার কার্যপত্রে উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | নদী গবেষণা ইনস্টিটিউটের জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তরের নমুনা পরীক্ষার সংখ্যা ও আয়-ব্যয়ের হিসাব এবং হাইড্রলিক রিসার্চ পরিদপ্তরের ভৌত মডেল ও গাণিতিক মডেলের কাজের বিবরণ ও আয়-ব্যয়ের হিসাব প্রতিমাসের মাসিক সমন্বয় সভার কার্যপত্রে উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, (প্রশাসন ও অর্থ/ হাঃ রিঃ/জিঃ আরঃ) |
| | সোলার প্যানেল স্থাপন প্রকল্প প্রণয়ন | সচিব মহোদয়ের সাথে আলোচনা পূর্বক সোলার প্যানেল স্থাপন প্রকল্প প্রণয়ন চূড়ান্ত করা হবে মর্মে আলোচনা হয়। | সচিব মহোদয়ের সাথে আলোচনা পূর্বক সোলার প্যানেল স্থাপন প্রকল্প প্রণয়ন চূড়ান্ত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | নগই, প্রশাসন |
| 4. | **পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি।** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | নদী গবেষণা ইনস্টিটিউটের ওয়েবসাইট হালনাগাদকরণ, ডি-নথি-এর ব্যবহার বৃদ্ধি এবং আইসিটি বিষয়ক অন্যান্য কার্যক্রম | সভায় নগই'র সকল পরিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে শতভাগ সম্পাদন করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, নদী গবেষণা ইনস্টিটিউট-এ ০১ হতে ৩১ জুলাই ২০২৪ সময়ে ডি-নথিতে নোট নিষ্পত্তির হার সংস্থাপন শাখা ৮৩.৩৩%, ম্যাথমেটিক্যাল মডেল ইন্সট্রুমেন্টশন এন্ড সার্ভে সেকশন শাখা ১০০%, রিভার এন্ড কোস্টাল হাইড্রলিক শাখা ১০০%, সয়েল মেকানিক্স এন্ড গ্রাউন্ড ওয়াটার শাখা ১০০%, সেডিমেন্ট কেমিক্যাল এন্ড ওয়াটার পলিউশন শাখা ১০০%, ভান্ডার শাখা ১০০%। গড় ডি-নথিতে নোট নিষ্পত্তির হার ৮৬.৯৬%<br><br>২। নদী গবেষণা ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কার্যপত্র ডি-নথিতে সম্পন্ন করার এবং এ বিষয়ে সহকারী প্রোগ্রামার সহযোগিতা করবেন মর্মে আলোচনা হয়। | ক) নগই'র সকল পরিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে সম্পাদন করতে হবে। ডি-নথিতে নোট নিষ্পত্তি করা না গেলে সহকারী প্রোগ্রামার সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) প্রত্যেক শাখা প্রধান স্ব স্ব শাখার হার্ড নথি ও ডি-নথির কার্যক্রমের শতকরা হার বের করে প্রতিমাসে সহকারী পরিচালক ও সহকারী প্রোগ্রামার-এর নিকট প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ) যে সমস্ত শাখায় ডি-নথির কার্যক্রম পিছিয়ে আছে ঐ সমস্ত শাখাকে আগামী সমন্বয় সভার পূর্বেই ডি-নথির কার্যক্রমের বিষয়ে সচেতন/সক্রিয় হতে হবে।<br><br>২। নদী গবেষণা ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কার্যপত্র ডি-নথিতে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার সহযোগিতা করবেন। | ১। সকল পরিচালক, সহকারী প্রোগ্রামার<br><br>২। সকল কর্মকর্তা ও সহকারী প্রোগ্রামার |
| | শূন্যপদ পূরণ সংক্রান্ত। | ১। সভায় জানানো হয় যে, নদী গবেষণা ইনস্টিটিউটের সেট আপ অনুযায়ী মোট শূন্য পদ ১০৬টি, তন্মধ্যে পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য পদের সংখ্যা ৪৮টি এবং সরাসরি নিয়োগযোগ্য (১০% পদ সংরক্ষণ করত:) শূন্যপদের সংখ্যা ৪৪টি। যথা-<br>১ম শ্রেণি-২১টি<br>২য় শ্রেণি-০১টি<br>৩য় শ্রেণি-১১টি<br>৪র্থ শ্রেণি-১১টি<br>সর্বমোট ৪৪টি<br><br>২। ক) বৈজ্ঞানিক কর্মকর্তার ০৭ (সাত) টি শূন্য পদে নিয়োগের বিষয়ে নগইর পরিচালনা বোর্ডের ৫৩তম সভায় উপস্থাপন করা হলে উক্ত সভায় বৈজ্ঞানিক কর্মকর্তা পদে যারা চূড়ান্ত হয়েছে তাদের লিখিতভাবে নিয়োগ বাতিলের সিদ্ধান্ত অবহিতকরণ এবং পুনরায় উক্ত পদে সকল আবেদনকারীর মধ্য হতে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। বোর্ডের সিদ্ধান্তের প্রেক্ষিতে ৭জন প্রার্থীকে উক্ত বিষয়ে | ১) শূন্যপদের তথ্য ও পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রম প্রতি মাসে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২। শূন্য পদ পূরণের ক্ষেত্রে সরাসরি নিয়োগ ও পদোন্নতির বিষয়টি পৃথকভাবে উপস্থাপন করতে হবে এবং ছাড়পত্রের মেয়াদের মধ্যে শূন্য পদ পূরণের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সহকারী পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অবহিত করা হলে তন্মধ্যে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে চূড়ান্তভাবে নির্বাচিত ৫জন প্রার্থী মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১৫৬২২/২০২৩ মামলা দায়ের করেন; যা বিচারাধীন রয়েছে।<br>খ) পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.১১.০৫৯.০১৬.৪৬২; তারিখ ১৪/০৮/২০২৩ খ্রি. মোতাবেক তৃতীয় ও চতুর্থ শ্রেণির ১০টি ক্যাটাগরির ১১(এগার)টি শূন্য পদ পূরণের লক্ষ্যে ছাড়পত্র পাওয়া গিয়েছে এবং ছাড়পত্রের মেয়াদ আগামী ১৩/০৮/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। বাছাই কমিটি-৩ এর সভা ০২/০৬/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তি ১৩/০৭/২০২৪খ্রি. তারিখে প্রকাশিত হয়েছে। এছাড়া স্মারক নং-৪২.১০৩.০১১.০১.০০.১৫৬২.২০২৪-৮১; তারিখ: ১১/০৭/২০২৪খ্রি. মোতাবেক উক্ত ১০টি ক্যাটগরির ১১টি পদের ছাড়পত্রের মেয়াদ ০১ (এক) বৎসর পর্যন্ত বর্ধিত করণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে মন্ত্রণালয় প্রস্তাবটি অনুমোদন করেছে।<br>গ) তৃতীয় ও চতুর্থ শ্রেণির বিভিন্ন পদে ৫ (পাঁচ) ক্যাটাগরির ১১ (এগার)টি শূন্য পদ পুরণের লক্ষ্যে ছাড়পত্র প্রদানের নিমিত্তে পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>৩) নদী গবেষণা ইনস্টিটিউটের সরাসরি নিয়োগ ও পদোন্নতির বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।<br>৪) স্মারক নং-৪২.০৩.০০০০.৫০৫.১১.০০৩.২০১৯-৫৮; তারিখ: ০৯/০৭/২০২৪খ্রি. মোতাবেক বৈজ্ঞানিক কর্মকর্তার ১৪ (চৌদ্দ)টি শূন্য পদ পূরণের লক্ষ্যে ছাড়পত্র প্রদানের নিমিত্তে পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | ৩) নদী গবেষণা ইনস্টিটিউটের সরাসরি নিয়োগ ও পদোন্নতির বিষয়ে কার্যক্রম তরান্বিত করতে হবে।<br>৪) নদী গবেষণা ইনস্টিটিউটের বৈজ্ঞানিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের বিষয়ে ছাড়পত্রের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | |
| | নগই'র মামলা সংক্রান্ত। | ১। নদী গবেষণা ইনস্টিটিউটে ০৭/০৮/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত বিচারাধীন মামলার সংখ্যা ১৪ (চৌদ্দ)টি; তন্মধ্যে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট মামলা-১০টি, আপিল বিভাগে মামলা-২টি এবং নিম্ন আদালতে দেওয়ানি মামলা-২টি সর্বমোট ১৪টি মামলা রয়েছে।<br>২। মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break Up) এর বিষয়ে আলোচনা হয়। | ১) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং প্রতিটি সভায় এ বিষয়ে অগ্রগতি উত্থাপন করতে হবে।<br>২) মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break Up) প্রদান করতে হবে। | উপ পরিচালক<br>সহকারী পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগীয় মামলা সংক্রান্ত | পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.০৪.০০৩.২৩.২৩২; তারিখ: ৩০/০৪/২০২৪খ্রি. মোতাবেক জনাব তাজনীন নাহার, বৈজ্ঞানিক কর্মকর্তা-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং- ০১/২০২৩ এবং ০২/২০২৩ এর তদন্ত কাজ পরিচালনার জন্য অনলাইন প্লাটফর্ম ব্যবহার করার বিষয়ে মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.২৭.০০৩.১২.৮২; তারিখ: ০৩/০৭/২০২৪খ্রি. মোতাবেক জানানো হয়েছে যে, নদী গবেষণা ইনস্টিটিউট এর বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব তাজনীন নাহার-এর প্রেক্ষাপট বিবেচনা করে এই মর্মে মতামত প্রদান করা যায় যে, সংশ্লিষ্ট কর্মকর্তার বিভাগীয় মামলার তদন্ত কাজ বাস্তবতার নিরীখে যৌক্তিক মনে করলে কর্তৃপক্ষ অনলাইন প্লাটফর্মে শুনানি গ্রহণ করতে পারে। তবে অনলাইন শুনানীর মাধ্যম (একাউন্ট আইডি) দাপ্তরিক হতে হবে। উল্লেখ্য, উক্ত পত্রের অনুলিপি তদন্ত কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। | জনাব তাজনীন নাহার, বৈজ্ঞানিক কর্মকর্তার বিরুদ্ধে ২(দুই)টি বিভাগীয় মামলা যথানিয়মে নিষ্পত্তি করতে হবে। | প্রশাসন ও অর্থ পরিদপ্তর, ড. ফাতেমা রোকশানা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা |
| | মাসিক সমন্বয় সভায় নগই'র প্রতিনিধি প্রেরণ সংক্রান্ত | ১) বৃহত্তর ফরিদপুরের জেলাসমূহে মাসিক সমন্বয় সভায় নদী গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি হিসেবে পরিচালক, হাইড্রলিক রিসার্চ, পরিচালক, জিওটেকনিক্যাল রিসার্চ, জনাব আজিজুল হক পোদ্দার, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব মোঃ মতিয়ার রহমান মন্ডল, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ ও Presentation উপস্থাপন করবেন মর্মে আলোচনা হয়। এ বিষয়ে জনাব ওমর-আল মাইমুন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা সমন্বয় করবেন মর্মে আলোচনা হয়। | ১) বৃহত্তর ফরিদপুরের জেলাসমূহে মাসিক সমন্বয় সভায় নদী গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি হিসেবে পরিচালক, হাইড্রলিক রিসার্চ, পরিচালক, জিওটেকনিক্যাল রিসার্চ, জনাব আজিজুল হক পোদ্দার, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব মতিয়ার রহমান মন্ডল, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ ও Presentation উপস্থাপন করবেন মর্মে আলোচনা হয়। এ বিষয়ে জনাব ওমর-আল মাইমুন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা সমন্বয় করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) পরিচালক, হাঃ রিঃ, পরিচালক, জিঃ আরঃ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা সকল এবং ড. মনিরুজ্জামান খান ইউসুফ জাঁই, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব ওমর আল মাইমুন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা। |
| ৫. | **নদী গবেষণা ইনস্টিটিউটের বিভিন্ন কর্মকান্ডের অগ্রগতি ও বাস্তবায়ন সংক্রান্ত** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | নদী গবেষণা ইনস্টিটিউটের ব্যাংক হিসাবসমূহ | নগই'র অর্থ যে সকল ব্যাংকে এফডিআর করা আছে সে বিষয়ে মেয়াদপূর্তি এবং সুদের হার বিষয়ে সচেতন থাকার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়। | নদী গবেষণা ইনস্টিটিউটের মেয়াদপূর্তি হওয়া পুরাতন FDR গুলো নগদায়ন করা হয়েছে। নতুন FDR এর কাজ সম্পন্ন হয়েছে। | জনাব শৈলেন কুমার ঘোষ, জনাব মোঃ জহুরুল ইসলাম, ও জনাব মোঃ জাহাঙ্গীর আলম |
| | নগই'র নিউজলেটার, জার্নাল ও বার্ষিক প্রতিবেদন, গবেষণা প্রবন্ধ/আর্টিকেল প্রকাশনার কাজ সম্পাদন সংক্রান্ত। | ১) আগামী সমন্বয় সভার পূর্বেই বার্ষিক প্রতিবেদনের সফট্ কপি দাখিল করার আলোচনা হয়।<br><br>২) সেপ্টেম্বর, ২০২৪ মাসের শুরুতেই নিউজলেটার প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়।<br><br>৩) জার্নাল লেখার বিষয়ে আরও সচেতন হতে হবে। জার্নালের উপর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ অর্থ বছরে বাজেট বরাদ্দ প্রাপ্তির পর ইন-হাউজ ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে ড. ফাতেমা রোকশানা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন মর্মে আলোচনা হয়। | ১) আগামী সমন্বয় সভার পূর্বেই বার্ষিক প্রতিবেদনের সফট্ কপি দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) সেপ্টেম্বর, ২০২৪ মাসের শুরুতেই নিউজলেটার প্রকাশ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) ক) জার্নাল লেখার বিষয়ে আরও সচেতন হতে হবে।<br>খ) জার্নালের উপর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ অর্থ বছরে বাজেট বরাদ্দ প্রাপ্তির পর ইন-হাউজ ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে ড. ফাতেমা রোকশানা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মোঃ মতিয়ার রহমান মন্ডল, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ড. আলাউদ্দিন হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ড. ফাতেমা রোকশানা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি, সংশ্লিষ্ট কর্মকর্তাগণ<br><br>মোঃ তৌফিকুজ্জামান |
| | গাছ নিলাম | গাছ নিলামের বিষয়ে কেন সঠিকভাবে ব্যবস্থা গ্রহণ করা হয়নি সে বিষয়ে কমিটির আহবায়ক জনাব আব্দুল্লাহ-আল ইমরান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে কৈফিয়ত তলব করায় উহার জবাব ডি-নথিতে উপস্থাপন করেন। কর্মকর্তাকে হার্ড নথিতে কৈফিয়ত তলব করায় তার জবাবও হার্ড নথিতে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | জনাব আব্দুল্লাহ-আল ইমরান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে কৈফিয়ত তলব করায় উহার জবাব ডি-নথিতে উপস্থাপন করেন। কর্মকর্তাকে হার্ড নথিতে কৈফিয়ত তলব করায় তার জবাবও হার্ড নথিতে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব আব্দুল্লাহ আল ইমরান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, নিরাপত্তা কর্মকর্তা, (অতি.দা.) ও প্লাটুন কমান্ডর (পিসি)। |
| | নিরাপত্তা সংক্রান্ত | নদী গবেষণা ইনস্টিটিউটের প্রধান গেটের জানালার গ্লাস অফিসের মাধ্যমে সংযোজনের বিষয়ে আলোচনা হয়। এছাড়া বর্তমান পরিস্থিতিতে আনসারদের মাধ্যমে নিরাপত্তা ব্যাবস্থা বৃদ্ধি করার বিষয়ে আলোচনা হয়। | নদী গবেষণা ইনস্টিটিউটের প্রধান গেটের জানালার গ্লাস অফিসের মাধ্যমে সংযোজন এবং বর্তমান পরিস্থিতিতে আনসারদের মাধ্যমে নিরাপত্তা ব্যাবস্থা বৃদ্ধি করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ), এস এস ও (সিভিল), নিরাপত্তা কর্মকর্তা /প্লাটুন কমান্ডার |

| | | | |
|---|---|---|---|
| মসজিদ/নগই মাধ্যমিক বিদ্যালয় ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের কর্মকান্ড সংক্রান্ত | ১) মসজিদঃ ক) মসজিদের দরজা-জানালা, বাথরুম, ওজুখানা মেরামতের বিষয়ে আলোচনা হয়।<br><br>খ) মসজিদের কর্মকান্ডের বিষয়ে সভা অনুষ্ঠিত হলে মসজিদ কমিটির সভাপতি রেজুলেশন লিখবেন মর্মে আলোচনা হয়।<br><br>গ) নদী গবেষণা ইনিস্টিটিউটে আগামীতে বড় ধরণের কোন অনুষ্ঠান আয়োজন হলে নগই জামে মসজিদের ইমাম কুরআন তেলাওয়াত করবেন মর্মে আলোচনা হয়। | ১। মসজিদঃ মসজিদের দরজা-জানালা, বাথরুম, ওজুখানা ও মসজিদের চার দিকের বাউন্ডারী মেরামতের বিষয়ে অর্থ প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>খ) মসজিদের কর্মকান্ডের বিষয়ে সভা অনুষ্ঠিত হলে মসজিদ কমিটির সভাপতি রেজুলেশন লিখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ) নদী গবেষণা ইনিস্টিটিউটে আগামীতে বড় ধরণের কোন অনুষ্ঠান আয়োজন হলে নগই জামে মসজিদের ইমাম কুরআন তেলাওয়াত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) মসজিদ কমিটি |
| | ২। মাধ্যমিক বিদ্যালয়ঃ সরকারের নির্দেশনা মোতাবেক বিদ্যালয় বন্ধ থাকায় শ্রেণীকক্ষের পাঠদান ও ষান্মাসিক মূল্যায়নের কাজ স্থগিত রয়েছে। বিদ্যালয় চালু হলে সকল কার্যক্রম স্বাভাবিক হবে। NTRCA থেকে সুপারিশকৃত ইংরেজী ও কৃষি শিক্ষা বিষয়ের শিক্ষকগণ আগামী ০২ (দুই) মাসের মধ্যে যোগদান করবেন বলে জানানো হয়েছে। | ২। মাধ্যমিক বিদ্যালয়ঃ<br>ক) শিক্ষার গুণগত মান বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) নগই'র মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নগই বিদ্যানিকেতনের শিক্ষকদের শূন্য পদগুলো পুরণের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২) প্রধান শিক্ষক (মাধ্যমিক) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ঃ গত ১৪/০৭/২০২৪ খ্রি. তারিখে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দের সাথে মত বিনিময় করা হয়েছে। বিদ্যালয়ের রুটিন সংশোধন, আগাম প্রস্থান ও শ্রেণীকক্ষের পাঠদান বিষয়ে করণীয় বিষয়গুলো নির্ধারণ এবং বাস্তবায়নের জন্য পদক্ষেপ নেয়া হয়েছে।<br><br>প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা নিম্নরূপ: শিশু শ্রেণি: ছাত্র-১১জন, ছাত্রী-১১ জন মোট=২২জন; ১ম শ্রেণি: ছাত্র-০৮জন, ছাত্রী-০৬জন মোট=১৪জন; ২য় শ্রেণি: ছাত্র-০২জন, ছাত্রী-০১ জন মোট=০৩জন; ৩য় শ্রেণি: ছাত্র-০৪জন, ছাত্রী-০৭জন মোট=১১জন; ৪র্থ শ্রেণি: ছাত্র-০৯জন, ছাত্রী-০১ জন মোট=১০জন এবং ৫ম শ্রেণি: ছাত্র-০৫জন, ছাত্রী-০২ জন মোট=৭জন সর্বমোট ৬৭ জন। | ৩) ক) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ঃ শিক্ষার গুণগত মান বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩) প্রধান শিক্ষক (বেসরকারি প্রাথমিক বিদ্যালয়) |
| ৬। | দেশি-বিদেশী সংস্থার সাথে MoU করা ও অন্যান্য যোগাযোগ বিষয়ক কমিটি | ক) নদী গবেষণা ইনস্টিটিউটের সাথে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) ও বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করার জন্য ড. ফাতেমা রোকশানা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা যোগাযোগ করবেন মর্মে আলোচনা হয়।<br><br>খ) রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর ত্বরান্বিত করার বিষয়ে আলোচনা করা হয়। | নদী গবেষণা ইনস্টিটিউটের সাথে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) ও বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করার জন্য ড. ফাতেমা রোকশানা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর ত্বরান্বিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ড. মনিরুজ্জামান খান ইউসুফজাঁই, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং ড. ফাতেমা রোকশানা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, নয়ন চন্দ্র ঘোষ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মোঃ মনিরুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ওমর আল মাইমুন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | এস্টেট সংক্রান্ত খাজনা/পৌরকর | সভায় ঢাকা অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, ৭২ গ্রীণ রোডের সি.এস ও এস.এ এবং আর.এস.এ এর মূল কাগজপত্র সংগ্রহের জন্য জেলা প্রশাসক ঢাকা বরাবরে পত্র দেয়া হয়েছে। তাছাড়া ইতোমধ্যে হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর থেকে উক্ত কাগজপত্রের ফটোকপি সংগ্রহ করা হয়েছে। ভূমি অধিগ্রহণের ২টি মৌজার কাগজপত্র সংগ্রহের জন্য জনাব মোঃ শাহআলম, মৃত্তিকা টেকনিশিয়ান গ্রেড-বি কে দায়িত্ব প্রদান করা হয়েছে।<br>এস্টেট কর্মকর্তা জানান যে, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুরের জমির কাগজপত্রগুলো সংগ্রহপূর্বক নথিতে সংরক্ষণ করা হয়েছে। খাবাসপুর, কমলাপুর, আলিয়াবাদ এর খাজনা অনলাইনে পরিশোধ করা হয়েছে।<br><br>নগই'র হেলিপ্যাড বেসরকারী ব্যক্তিবর্গের জন্য ভাড়া নির্ধারণ করে নগই পরিচালনা বোর্ডে উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | ৭২, গ্রীণ রোডের কাগজপত্র দ্রুত সংগ্রহ করার এবং নগই ফরিদপুরের অবশিষ্ট মৌজার খাজনা দ্রুত পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>নগই'র হেলিপ্যাড বেসরকারী ব্যক্তিবর্গের জন্য ভাড়া নির্ধারণ করে নগই পরিচালনা বোর্ডে উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন শাখা, ড. মনিরুজ্জামান খান ইউসুফজাঁই, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও নিরাপত্তা কর্মকর্তা<br><br>উপ পরিচালক |
| ৮। | সামাজিক দায়িত্ব/পরিচ্ছন্নতা | প্রদর্শনী ম্যাপ ও ফোয়ারায় শুক্রবার সকাল ও বিকালে পানি প্রবাহ চালু রাখার বিষয়ে আলোচনা হয়।<br><br>সাধারণ জনগণ এর জন্য সুপেয় পানি এবং গৃহস্থালী কার্যে ব্যবহৃত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখার বিষয়ে আলোচনা হয়।<br><br>অফিস চত্বর পরিস্কার-পরিচ্ছন্ন করার বিষয়ে ৩ (তিন) পরিদপ্তরের পরিচালকবৃন্দ সকল কর্মকর্তা/কর্মচারীদের নাম রেজিস্টারে লিপিবদ্ধকরণের ব্যবস্থা এবং অনুপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ১) প্রদর্শনী ম্যাপ ও ফোয়ারায় শুক্রবার সকাল ও বিকালে পানি প্রবাহমান রাখতে হবে।<br><br>সাধারণ জনগণ এর জন্য সুপেয় পানি এবং গৃহস্থালী কার্যে ব্যবহৃত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>অফিস চত্বর পরিস্কার-পরিচ্ছন্ন করার বিষয়ে ৩ (তিন) পরিদপ্তরের পরিচালকবৃন্দ কর্মকর্তা/কর্মচারীদের নাম রেজিস্টারে লিপিবদ্ধকরণের ব্যবস্থা এবং অনুপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক, (প্রশাসন ও অর্থ/ হাঃ রিঃ/জিঃ আরঃ) এবং আজিজুল হক পোদ্দার, পিএসও, শৈলেন কুমার ঘোষ, এসএসও, দুলাল বাওয়ালী, এসএসও, বিকাশ রায়, বৈজ্ঞানিক কর্মকর্তা ও নিয়ামত উল্লাহ, নিরাপত্তা কর্মকর্তা (অঃ দাঃ) |
| বিবিধ-১ | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সদস্য হিসেবে নগইকে অন্তর্ভূক্তকরণ | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সদস্য হিসেবে কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিলে নগইকে অন্তর্ভূক্তির বিষয়টি এজেন্ডাভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সদস্য হিসেবে কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিলে নগইকে অন্তর্ভূক্তির বিষয়টি এজেন্ডাভুক্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব তারিক জামিল তামিম, ভান্ডার কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| বিবিধ-২ | মিটিং/কনফারেন্স সাউন্ড সিস্টেম ক্রয় সংক্রান্ত | সভায় জানানো হয় যে, বাজেট স্বল্পতার কারণে কনফারেন্স রুমে সাউন্ড সিস্টেম ক্রয় করা সম্ভব হয়নি। পরবর্তী অর্থ বছরে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে আলোচনা হয়। | কনফারেন্স সাউন্ড সিস্টেম চলমান অর্থ বছরে ক্রয় করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | এস.এস.ও ইলেকট্রিক্যাল |
| বিবিধ-৩ | Research 4Life এর সদস্যপদ গ্রহণ | সভায় Peer-reviewed জার্নালের অনলাইন প্লাটফর্ম Research 4Life এর সদস্যপদ গ্রহণের বিষয়ে ড. মনিরুজ্জামান খান ইউসুফজাই, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তার সাথে জনাব মো: আজমল হোসেন ফকির, লাইব্রেরীয়ান ও মো: নাঈমুর রহমান, কম্পিউটার অপারেটর এ বিষয়ে যোগাযোগ করে উদ্যোগ গ্রহণ করবেন মর্মে আলোচনা হয়। | Peer-reviewed জার্নালের অনলাইন প্লাটফর্ম Research 4Life এর সদস্যপদ গ্রহণের বিষয়ে ড. মনিরুজ্জামান খান ইউসুফজাই, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তার সাথে জনাব মো: আজমল হোসেন ফকির, লাইব্রেরীয়ান ও মো: নাঈমুর রহমান, কম্পিউটার অপারেটর এ বিষয়ে যোগাযোগ করে উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ড. মনিরুজ্জামান খান ইউসুফজাই, মুখ্য বৈজ্ঞানিক ও জনাব মো: আজমল হোসেন ফকির, লাইব্রেরীয়ান এবং মো: নাঈমুর রহমান, কম্পিউটার অপারেটর |
| বিবিধ-৪ | সিম সরবরাহ | নদী গবেষণা ইনস্টিটিউটে ৩০টি কর্পোরেট সিম ক্রয় করা হয়েছে মর্মে অবহিত করা হয়। | নদী গবেষণা ইনস্টিটিউটে ক্রয়কৃত ৩০টি কর্পোরেট সিম বিতরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | এস.এস.ও (ইলেকট্রিক্যাল) |
| বিবিধ-৫ | হাওর ও জলাভুমি উন্নয়ন অধিদপ্তরের সাথে যোগাযোগ সংক্রান্ত | ক) বাংলাদেশ হাওর ও জলাভুমি উন্নয়ন অধিদপ্তরের সাথে বিভিন্ন বিষয়ে যোগাযোগের জন্য নগই'র উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রকৌশলী মোঃ জহুরুল ইসলামকে দায়িত্ব প্রদান করা হয়েছে।<br><br>খ) নদী গবেষণা ইনস্টিটিউট পানি সম্পদ সম্পর্কিত ভৌত ও গাণিতিক মডেল স্ট্যাডির ক্ষেত্রে একমাত্র সরকারী গবেষণা প্রতিষ্ঠান হিসেবে গণ্য করার বিষয়ে অর্ন্তভুক্ত করার জন্য সচিব পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর ১১/০৭/২০২৪খ্রি. তারিখে পত্র প্রেরণ করা হয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের ১৮/০৭/২০২৪খ্রি. তারিখের পত্রের মাধ্যমে নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুরকে সরকারি মালিকানাধীন বিশেষায়িত গবেষণা সংস্থা হিসেবে পিপিআর-২০০৮ এর বিধি ১০৪ (ঘ) (২) এর (ঈ) মোতাবেক Single Source (একক উৎস) হিসেবে পিপিআর এ অন্তর্ভূক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, ঢাকা বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। | ক) এ বিষয়ে সভায় অবহিত করা হয়েছে।<br><br>খ) নদী গবেষণা ইনস্টিটিউট পানি সম্পদ সম্পর্কিত ভৌত ও গাণিতিক মডেল স্ট্যাডির ক্ষেত্রে একমাত্র সরকারী গবেষণা প্রতিষ্ঠান হিসেবে গণ্য করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য ড. মনিরুজ্জামান খান ইউসুফজাই, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ, পরিচালক, হাঃ রিঃ ও পরিচালক, জিঃ আরঃ, ড. মনিরুজ্জামান খান ইউসুফজাই, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৌশলী মোঃ জহুরুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| বিবিধ-৬ | নগই প্রকিউমেন্ট শাখার এস.এস.ও-এর কার্যক্রম সংক্রান্ত | নদী গবেষণা ইনস্টিটিউটের অর্গানোগ্রাম অনুযায়ী প্রকিউরমেন্ট, অপারেশন এন্ড মেইনটেনেন্স নামে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তার একটি পদ রয়েছে। পরবর্তীতে ০৫/০৩/২০২৪খ্রি. তারিখের অফিস আদেশে এস.এস.ও (সিভিল), ও এস.এস.ও (ইলেকট্রিক্যাল) পদ স্থাপন করা হয়। নদী গবেষণা ইনস্টিটিউটে ১৬টি উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তার পদ রয়েছে। ১৬টি উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তার পদের বিপরীতে সংখ্যায়ন (Numbering) করে আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়। | নদী গবেষণা ইনস্টিটিউটে ১৬টি উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তার পদের বিপরীতে সংখ্যায়ন (Numbering) করার জন্য জনাব উমা সাহা, পরিচালক (অঃ দাঃ), জিঃ আরঃ ও জনাব মোঃ আজিজুল হক পোদ্দার, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এবং অন্যান্য সিনিয়র কর্মকর্তাদের নিয়ে চুড়ান্ত করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন পরিদপ্তর জনাব উমা সাহা, পরিচালক (অঃ দাঃ), জনাব মোঃ আজিজুল হক পোদ্দার, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা |
| বিবিধ-৭ | নগই letter head pad ব্যবহার সংক্রান্ত | নদী গবেষণা ইনস্টিটিউটের সকল ধরণের চিঠিপত্রের জন্য একই ধরণের letter head pad সকল দপ্তর ব্যবহার করা হচ্ছে এবং মন্ত্রণালয় ও অন্যান্য প্রতিষ্ঠানে পত্র প্রদানের ক্ষেত্রে একই ধরণের letter head pad এর নমুনা নগই'র ই-মেইলে ইনবক্সে দেয়া আছে। | সহকারী প্রোগ্রামার letter head pad এর বিষয়ে সভায় অবহিত করেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ, পরিচালক, হাঃ রিঃ ও পরিচালক, জিঃ আরঃ, সহকারী প্রোগ্রামার |

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।–

১৮-০৮-২০২৪
পিন্টু কানুনগোয়
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
০২৪৭৮৮০২৭৬৪ (ফোন)
porichalokafrri@gmail.com

তারিখ: ৩ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ


**নম্বর:** ৪২.০৩.০০০০.৫০৫.০৬.০০১.২৪.২১৩

**সদয় অবগতির জন্য-**

১। সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;
২। পরিচালক , প্রশাসন ও অর্থ-এর পরিদপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট;
৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), হাইড্রলিক রিসার্চ-এর পরিদপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট;
৪। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জিওটেকনিক্যাল রিসার্চ-এর পরিদপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট;
৫। উপসচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়;
৬। জনাব ..................................................................., নদী গবেষণা ইনস্টিটিউট;
৭। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট;
৮। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালক এর দপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট;
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব ও নিরীক্ষা শাখা, নদী গবেষণা ইনস্টিটিউট;
১০। সহকারী প্রোগ্রামার, ম্যাথমেটিক্যাল মডেল ইন্সট্রুমেন্টেশন এন্ড সার্ভে সেকশন, নদী গবেষণা ইনস্টিটিউট;
১১। ভান্ডার কর্মকর্তা, ভান্ডার শাখা, নদী গবেষণা ইনস্টিটিউট;

১২। নিরাপত্তা কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট এবং

১৩। অফিস/মাস্টার কপি।



১৯-০৮-২০২৪

আবুল এহছান মিঞা

উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)